দৈনিক ইনকিলাব

তারিখ 23 MAR 1988
পৃষ্ঠা ... কলাম ...

নকল করার দায়ে প্রায় ৭শ' ছাত্র-ছাত্রী বহিষ্কৃত

# বিভিন্ন এসএসসি পরীক্ষা কেন্দ্রে গোলমাল ভাংচুর কাঁদানে গ্যাস নিক্ষেপ ঃ ২ শতাধিক আহত

।। ইনকিলাব রিপোর্ট ।।

গতকাল এসএসসি পরীক্ষা চলাকালে দেশের বিভিন্ন কেন্দ্রে গোলমাল, ভাংচুর, পুলিশের কাঁদানে গ্যাস নিক্ষেপ এবং গুলীতে ১ জন নিহত এবং ৫০ জনের বেশী পুলিশসহ ২ শতাধিক ব্যক্তি আহত হয়েছেন। নকল সরবরাহে বিঘ্ন ঘটায় উত্তেজিত জনতা প্রায় ৩০ লাখ টাকার সম্পদ নষ্ট করেছে। এ সময় বিভিন্ন কেন্দ্রে ৯ জন শিক্ষককে বের করে দেয়া হয়। নকল করার দায়ে সারা দেশে প্রায় ৭শ' ছাত্র-ছাত্রীকে পরীক্ষার হল থেকে বের করে দেয়া হয়েছে বলে জানা গেছে।

পরীক্ষা চলাকালীন সময়ে যশোরের ৭টি কেন্দ্রে ৯৬ জন, চুয়াডাঙ্গা কেন্দ্রে ৪ জন, ঢাকা বোর্ডের ১০টি কেন্দ্রে ১১৩ জন, যশোর কেন্দ্রে ১৪ জন, বরিশাল কেন্দ্রে ৮ জন, খুলনা কেন্দ্রে ৩০ জন, পটুয়াখালী কেন্দ্রে ২২ জন, চৌমুহনীতে ১৮ জন, চট্টগ্রাম শহরের কয়েকটি কেন্দ্রে ১১ জন সিরাজগঞ্জের ৯টি কেন্দ্রে ২৭১ জন এবং কুমিল্লা কেন্দ্রের ১৪টি কেন্দ্রে ১০৬ জনকে বহিষ্কার করা হয়।

ময়মনসিংহের ভালুকা কেন্দ্রে পরীক্ষা চলাকালীন সময়ে এবং তার পূর্বে নকল সরবরাহকারীর সাথে পুলিশের সংঘর্ষের এক পর্যায়ে পুলিশের গুলীতে বাবলুর রহমান ১৮ নিহত এবং অপর ৭ জন আহত হয়।

সংঘর্ষে ১৭ জন পুলিশ ও ৬৫ জন বহিরাগত আহত হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## ৩টি জেলায় ডায়রিয়া ৮২ জনের মৃত্যুর খবর

।। স্টাফ রিপোর্টার ।।

দেশের দক্ষিণাঞ্চলের তিনটি জেলা পটুয়াখালী, বরগুনা ও পিরোজপুরে গত ক'দিনে ডায়রিয়ায় ৮২ ব্যক্তি মারা গেছেন এবং কমপক্ষে আরো ২ হাজার ব্যক্তির এ ডায়রিয়ায় আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে। এ তিনটি জেলার বিভিন্ন উপজেলায় ডায়রিয়া এখন মহামারী আকারে ছড়িয়ে পড়েছে।

পটুয়াখালী থেকে আমাদের সংবাদদাতা জানিয়েছেন, এ জেলায় গত ক'দিনে ডায়রিয়ায় ৪২ ব্যক্তি মারা গেছেন। তন্মধ্যে গলাচিপা উপজেলায় ২০, কলাপাড়া ১০, পটুয়াখালী সদর উপজেলায় ৮ এবং দশমিনা উপজেলায়

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

খ সেট
বহিঃ সমগ্র ১/১১৮৮
গণিত (আবশ্যিক)।
(পাটীগণিত, বীজগণিত ও জ্যামিতি)
সময়—৩ ঘণ্টা।
পূর্ণমান—১০০।
[দ্রষ্টব্যঃ—দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]
নম্বর।
১। সরল কর:— ৬
[illegible]

ক সেট
বহিঃ সমগ্র ১/১১৮৮
গণিত (আবশ্যিক)।
(পাটীগণিত, বীজগণিত ও জ্যামিতি)
সময়—৩ ঘণ্টা।
পূর্ণমান—১০০।
[দ্রষ্টব্যঃ—দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]
নম্বর।
১। সরল কর:— ৬
[illegible]



চলতি এসএসসি পরীক্ষায় দিনাজপুরের ইকবাল উচ্চ বিদ্যালয় কেন্দ্রের একটি কক্ষের ছাদের উপর দিয়ে নকল সরবরাহের দৃশ্য

## এর খেসারত

।। ইনকিলাব রিপোর্ট ।।

শেষ গতি যাই হোক; আপাততঃ বহু এসএসসি পরীক্ষার্থীর মন খারাপ হয়েছে। তাদের আগামী পরীক্ষাগুলোতে এর প্রভাব পড়বে নিঃসন্দেহে। ছাত্র-ছাত্রীদের এ দুর্ভোগের কারণ ঘটিয়েছেন ঢাকা উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের দায়িত্ববান কোন না কোন কর্মকর্তা। পরীক্ষার্থীদের অভিভাবকগণ ঐ কর্মকর্তাকে খুঁজে বের করে তার শাস্তি দাবী করেছেন।

প্রকাশ, ঢাকা বোর্ডের অধীনে গতকাল অনুষ্ঠিত এসএসসি অংক পরীক্ষায়

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

## খেসারত কে দেবে

প্রথম পৃষ্ঠার পর

দু'ধরনের প্রশ্নপত্র সরবরাহ করা হয়েছে। এ দু'ধরনের প্রশ্নপত্রের একটিতে এক নাম্বারের সরল অংকের হর অংশে বন্ধনী চিহ্ন রয়েছে। কিন্তু অন্য প্রশ্নপত্রের ঐ অংশে কোন বন্ধনী চিহ্ন নেই। ফলে একই সংখ্যার অংক হওয়া সত্ত্বেও দু'টি প্রশ্নপত্রের সরল অংক দু'টির ফল ভিন্ন হবে।

অসুবিধা এখানে নয়। আসল কথা হচ্ছে, বন্ধনীযুক্ত অংকটি করতে ছাত্র-ছাত্রীদের যে সময় গেছে বন্ধনীবিহীন অংকটি কষতে তার চেয়ে ৩-৪ গুণ সময় নষ্ট করতে হয়েছে। যার ফলে বহু ছাত্র-ছাত্রী জানা থাকা সত্ত্বেও পরের সম্পূর্ণ উত্তর দিতে পারেননি বলে অভিযোগ পাওয়া গেছে। অভিভাবকগণ জিজ্ঞেস করেছেন—এর খেসারত কে দেবে?

দৈনিক ইনকিলাব

তারিখ 23 MAR 1988
পৃষ্ঠা ... কলাম ...

## এসএসসি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

আনতে পুলিশ ৩০ রাউন্ড গুলী, ১৪ রাউন্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে।

কুমিল্লা বোর্ডের দাউদকান্দী, চান্দিনা, মুরাদনগর ও বড়ুড়া কেন্দ্রে নকল সরবরাহ করার দায়ে পুলিশ ৭ জনকে গ্রেফতার করে। বিক্ষুব্ধ বহিরাগত ছাত্ররা বড়ুড়া, চান্দিনা, ফয়জুন্নেসা স্কুল ও কুমিল্লা জেলা স্কুলের ব্যাপক ভাংচুর করে।

ব্রাহ্মণবাড়ীয়ার কসবা উপজেলা কেন্দ্রে পরীক্ষা শেষে ছাত্ররা ভারত-সীমান্তে কমলা সাগড় দেখতে গেলে বিডিআর বাধা দেয়। এতে ছাত্র উত্তেজিত হলে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে বিডিআরের গুলিতে ৩ জন আহত হয়। হাসপাতালে ভর্তির পর কাউসার নামে একজনের মৃত্যু হয়।

গাজীপুর ৮টি কেন্দ্রের মধ্যে জয়দেবপুর রাণী বিলাস মণি সরকারী উচ্চ বিদ্যালয় কেন্দ্র ব্যতীত অপর ৭টি কেন্দ্রে ফ্রি স্টাইলে নকল চলে। কোন কোন কেন্দ্রে গার্ডবিহীন পরীক্ষা চলে।

সিরাজগঞ্জের ছালেহা উচ্চ বালিকা বিদ্যালয় কেন্দ্রে বহিরাগতদের নিয়ন্ত্রণে আনতে পুলিশ ১৭ রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। সংঘর্ষে ৩০ জন আহত হয়। ৯ জনের অবস্থা আশংকাজনক। শহরের গৌড়ী আরবান বালিকা বিদ্যালয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ২ রাউণ্ড গুলিবর্ষণ করে। উভয় কেন্দ্রে ৩০ জন বহিরাগত আহত হয়।

চট্টগ্রাম কলেজিয়েট স্কুলসহ ২টি কেন্দ্রে নকলের দায়ের ১৭ জন ছাত্রকে বহিষ্কার করায় বহিরাগতরা স্কুলের ১৫ লাখ টাকার ক্ষতি সাধন করে এবং স্থানীয় এম ই এস স্কুল কেন্দ্রে অগ্নিসংযোগ করে।

কালীগঞ্জ কেন্দ্রে নকল সরবরাহকারীদের বাধা দেয়ায় ইট-পাটকেল নিক্ষেপে ২ জন পুলিশ আহত হয়। পুলিশের লাঠিচার্জে ৩ জন বহিরাগত আহত হয়।

মুন্সিগঞ্জ সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ে নকলে বাধা দেয়ায় নকল সরবরাহকারীরা ককটেল নিক্ষেপ করে।

বরিশালের মেহেন্দিগঞ্জ উপজেলার পাতারহাট বালিকা বিদ্যালয়ে ছাত্র-পুলিশ সংঘর্ষে ১২ জন নকল সরবরাহকারী আহত হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ৮ রাউণ্ড ফাঁকা গুলিবর্ষণ করে। একজন ছাত্র খাতা নিয়ে উধাও হয়ে যায় বলে সংবাদদাতা জানিয়েছেন।

রূপগঞ্জ উপজেলায় পুলিশ ও বহিরাগতদের মধ্যে এক সংঘর্ষে ১ জন পুলিশ আহত হয়। বহিরাগতরা মুসলিম এডুকেশন সোসাইটির স্কুলের ব্যাপক ক্ষতিসাধন করে।